# সহীহ শামায়েলে তিরমিযী

হাদিস নাম্বারঃ ১৩৭

২৭. আহার গ্রহণকালে রাসূলুল্লাহ (ﷺ) এর ওযূ (باب ما جاء في صفة وضوء رسول الله ﷺ عند الطعام)

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ مَنِيعٍ ، قَالَ : حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ إِبْرَاهِيمَ ، عَنْ أَيُّوبَ ، عَنِ ابْنِ أَبِي مُلَيْكَةَ ، عَنِ ابْنِ عَبَّاسٍ ، أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ خَرَجَ مِنَ الْخَلاءِ , فَقُرِّبَ إِلَيْهِ الطَّعَامُ , فَقَالُوا : أَلا نَأْتِيكَ بِوَضُوءٍ ؟ قَالَ : إِنَّمَا أُمِرْتُ بِالْوُضُوءِ , إِذَا قُمْتُ إِلَى الصَّلاةِ " .

বাংলা

১৩৭. ইবনে আব্বাস (রাঃ) হতে বর্ণিত। একবার রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বাইতুল খালা অর্থাৎ শৌচাগার থেকে বাইরে আসলেন। এরপর তাঁর সামনে খানা পরিবেশন করা হলো। সাহাবাগণ বললেন, আমরা আপনাকে ওযুর পানি দেব কি? তিনি বললেন, আমি তো কেবল সালাত আদায় করার সময় ওযু করার জন্য নির্দেশ পেয়েছি।[1]

## English

Ibn'Abbaas Radiyallahu'Anhu says: "Once when Rasulullah Sallailahu 'Alayhi Wasallam came out of the toilet, after relieving himself from the call of nature, food was served to him. They asked if water for wudu should be brought? He replied: 'I have been commanded to perform wudu when 1 perform salaah"'.

ফুটনোট

[1] আবু দাউদ, হা/৩৭৬২; সুনানে নাসাঈ, হা/১৩২: মুসনাদে আহমাদ, হা/৩৩৮১।

ব্যাখ্যা

উক্ত হাদীসে উল্লেখ করা হয়েছে যে, রাসূলুল্লাহ (সাঃ) খাবার গ্রহণের আগে ওযু করতে অস্বীকৃতি করেন এবং ওযু

না থাকা অবস্থায় খাদ্য গ্রহণ করেন। কাজেই বুঝা গেল যে, ইসলামে আহারের উদ্দেশ্যে ওযুর কোন বিধান নেই। আরো বুঝা গেল যে, মল-মূত্র ত্যাগ করার পর সঙ্গে সঙ্গে ওযু করার অপরিহার্যতাও নেই।

---

Technical wudu is only waajib for salaah. It is not necessary to perform wudu before eating or immediately after relieving one's self. Sayyidina Rasulullah Sallallahu 'Alayhi Wasallam did not perform wudu for it must not be thought that wudu is compulsory after visiting the toilet.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইমাম পাবলিকেশন্স লিমিটেড

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=49051

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন